বৌদ্ধ-মিশন গ্রন্থমালা—২৮

# লোক-নীতি

শ্রীপ্রজ্ঞালোক স্থবির

বৌদ্ধ-মিশন পরিচালক সঙ্ঘ কর্ত্তৃক
প্রকাশিত

দ্বিতীয় সংস্করণ

২৪৮১ বুদ্ধাব্দ ]        [ ১৯৩৭ খৃষ্টাব্দ

রেঙ্গুন, বৌদ্ধ-মিশন প্রেসে মুদ্রিত।

## প্রথম সংস্করণের

# বিজ্ঞপ্তি

এই লোক-নীতি পুস্তকখানি কখন কাহার দ্বারা লিখিত হইয়াছে, তাহার বিবরণ পাওয়া যায় নাই। তবে গ্রন্থখানি যে অতি প্রাচীন ইহা সকলকে স্বীকার করিতে হইবে। কারণ লোক-নীতি গ্রন্থে মোট গাথা সংখ্যা ১৬৬টি। পণ্ডিত, সুজন, বাল দুর্জ্জন, মিত্র, স্ত্রী, রাজা ও প্রকীর্ণক এই সাতটি কাণ্ড। এই সপ্ত কাণ্ডে সুত্ত হইতে ৫টি, জাতক হইতে ৯টি, ধর্ম্মপদ হইতে ৯টি ও চাণক্য শ্লোকের সঙ্গে মিল ১৯টি এবং জ্যোতিষ শাস্ত্র হইতে গৃহীত ৫টি গাথা দেখা যায়। যদি চাণক্য শ্লোক হইতে গাথাগুলি গৃহীত হয়, তাহা হইলে চাণক্যের জন্ম খৃষ্ট শকের ৩১৯বৎসর পূর্ব্বে। আবার চাণক্য পণ্ডিত পালি সুত্ত, জাতক, ধর্ম্মপদ প্রভৃতি গ্রন্থ হইতে গাথাগুলি সংস্কৃতে যে পরিবর্ত্তন করিয়াছেন, তাহাও দেখা যায়। বিশেষত, চন্দ্রগুপ্তকে কূটনীতি বিশারদ চাণক্যই পাটলি-পুত্রের সিংহাসনে স্থাপন করিয়াছিলেন। মহামহোপাধ্যায় সতীশ চন্দ্র বিদ্যাভূষণ চাণক্য বৌদ্ধ পণ্ডিত বলিয়া প্রমাণ দিয়াছেন।

তবে লোক-নীতির গ্রন্থকার বৌদ্ধ কি না ? যদি ইহার প্রমাণ করিতে হয়—"বন্দিত্বা রতনত্তযং" গাথার অংশ হইতে বৌদ্ধ বলিয়া গৃহীত হয়। আবার প্রকীর্ণক বর্গের কতকগুলি গাথা বুদ্ধ-ভাষিত ত্রিপিটক শাস্ত্রের ছায়াবলম্বনে বা বৌদ্ধ মতের নীতি-অনুকূলে লিখিত হয় নাই। তাই অবৌদ্ধ বলিয়াও সন্দেহ হয়। যেমন—"সম্পুণ্ণরক্‌খো ব্রহ্মাব" গাথায় ব্রহ্মা ও বিশ্বকর্ম্মাকে পূজা কর। এই গাথাটি বৌদ্ধমত বিরুদ্ধ। আবার জ্যোতিষ শাস্ত্র

হইতে শিল্পারম্ভের দিন ও সপ্তমীতে নারিকেল, নবমীতে অলাবু ভক্ষণ নিষেধ বিধি প্রভৃতি প্রদর্শিত হইয়াছে।

সুত্ত নিপাতের ধাৰ্ম্মিক সূত্রের অনুকূলে, পুনরায় "যে গো মাংস খায়, সে মাতৃ মাংস খায়" এই প্রকারে গো হত্যার বিরুদ্ধতাও দেখান হইয়াছে। কিন্তু ইহাও প্রমাণিত হয় যে—গ্রন্থকার বুদ্ধ-ভাষিত গ্রন্থেও অভিজ্ঞ ছিলেন। অধিকাংশ গাথা চাণক্য পণ্ডিতের ন্যায় লোকাচার হইতে সংগৃহীত হইয়াছে, তাহাতে গ্রন্থের লোক-নীতি নাম সার্থক হইয়াছে। গ্রন্থকার স্বদেশ প্রেমিক ছিলেন, তাই স্বদেশের কুসংস্কার উচ্ছেদকল্পে গ্রন্থখানি সংগ্রহ ও রচনা করিয়াছেন। তাঁহার জীবনৈতিহাস দিতে না পারিয়া আমরা একটা মস্ত বড় অভাব অনুভব করিতেছি।

পুনঃ দেখা যায়—ব্রহ্মদেশীয় স্থবির চক্কিন্দ (চক্রেন্দ্র) ১১৯৬ মগাব্দে এই গ্রন্থখানি বিশোধন করিয়া মুদ্রিত করেন। তাই তিনি লিখিয়াছেন :—

চক্কিন্দাভিসিরিনাযং সোধিতে কাসিকে সুতে,
ছনোত্যং তুতিযাসল্লে কাল্ সত্তম আদিহে।

পুনরায় সুইজিং নিকায় প্রতিষ্ঠাতা বিশুদ্ধারামাধ্যক্ষ শ্রীমৎ বিশুদ্ধারাম স্থবির ১২৭৯ মগাব্দে পুস্তকখানি পুনঃ সংশোধন করিয়া মুদ্রিত করেন। তাই তিনি লিখিয়াছেন :—

বিসুদ্ধাচার থেরেন বিসুদ্ধারামবাসিনা,
সব্বকুলানমথায বিসোধিতং পথ-স্খযে।

কাজেই এই লোক-নীতি ৯৮ বৎসর পূর্ব্বে চক্কিন্দ স্থবির ও ২৩ বৎসর পূর্ব্বে বিশুদ্ধাচার স্থবির সংশোধন করিয়া বাৰ্ম্মাভাষায় মুদ্রিত করিয়াছেন। এই কারণে গ্রন্থখানির প্রাচীনত্ব উপলব্ধি হয়।

পুনর্ব্বার ডাক্তার শ্রীযুত বেণীমাধব বড়ুয়া এম. এ. ডি, লিট, মহোদয় কলিকাতাস্থ ধর্ম্মাঙ্কুর বিহারের বার্ষিক কার্য্য-বিবরণীর সঙ্গে গাথাগুলি বঙ্গাক্ষরে ও বঙ্গভাষায় মুদ্রিত করেন। তিনি গ্রন্থখানি চক্কিন্দ স্থবির কৃত বলিয়া উল্লেখ করিয়াছেন। কিন্তু পুস্তকখানি প্রায় লোকের হাতে পড়ে নাই। তাই এবার শ্রীমান বুদ্ধরক্ষিত ভিক্ষু বৌদ্ধ-মিশনের সাহায্যে পুস্তকখানি ছাপিয়া বঙ্গীয় পাঠক-পাঠিকাগণের হাতে সমর্পণ করিল।

এ জগতে যতই নীতি শাস্ত্রের প্রচার হইবে, ততই জ্ঞানবান সূক্ষ্মদর্শী ব্যক্তিগণ প্রতি পদবিক্ষেপে বিচার পূর্ব্বক চলিতে সুযোগ পাইবেন। নীতিপথ ভ্রষ্ট ব্যক্তি মানব নামের অযোগ্য। বর্ত্তমান যুগে কু-গ্রন্থসেবী ও কু-সংসর্গ পরায়ণ ব্যক্তিগণ যৌন সমস্যা মূলক গ্রন্থেই মনোনিবেশ করিতে যত্ন করেন। পুরাকালের জ্ঞানিগণ নীতি-কথা, নীতি গাথা, শ্লোক, বুড়ণ প্রভৃতি কতকগুলি বিষয় মুখস্থ করিয়া রাখিতেন। তাঁহারা যখন কাহারও দোষ-গুণ দেখিতেন, তখনই ঐ গাথা-শ্লোকে উহার ভালমন্দ বিচার করিতেন। আজকাল কোর্ট-কাচারীতে উহার বিচার করিতে হয়।

এই কথা সকলের মনে রাখা উচিত যে—নীতির ভিতর দিয়া মানব জীবন যেমন সুশৃঙ্খল ও সুগঠিত হয়, তেমন অন্য কিছুর ভিতর দিয়া হয় না। তাই সকলের নীতি-শাস্ত্র পাঠ করা উচিত। প্রত্যেক সমাজ হিতৈষী ব্যক্তিগণকে এই লোক-নীতি-খানি পাঠ করিতে অনুরোধ করি।

ধর্ম্মদূত বিহার<br>কৃষ্ণাষ্টমী<br>১০ই জ্যৈষ্ঠ

শ্রীপ্রজ্ঞালোক স্থবির

## দ্বিতীয় সংস্করণের

# বিজ্ঞপ্তি

শ্রীমৎ বুদ্ধ রক্ষিত ভিক্ষু-সঙ্কলিত লোক-নীতি গ্রন্থের পদ্যানুবাদ গদ্যে পরিবর্ত্তন করিয়া পাঁচ বৎসর পরে দ্বিতীয় সংস্করণ করা হইল। ১৯৩২ সালে শ্রীযুত রমেশ চন্দ্র বড়ুয়ার কায়িক সাহায্যে পুস্তক খানির প্রথম সংস্করণ করা হয়। দ্বিতীয় সংস্করণে পুস্তকের পালি গাথাগুলি রেঙ্গুন কলেজের পালি অধ্যাপক মঙ্গ টীন এম-এ মহোদয় কর্ত্তৃক ইংরেজী অক্ষরে প্রকাশিত পুস্তকাবলম্বনে বিশোধন করা হইয়াছে।

স্থান বিশেষে পাঠকগণের সহজে উপলব্ধির জন্য ক্রমিক নম্বর প্রদত্ত হইল। পাদটীকায় বৈসাদৃশ্য শব্দগুলিও প্রদর্শিত হইয়াছে। কোন্ কোন্ পুস্তক হইতে গাথাগুলি সংগৃহীত হইয়াছে, গাথার ক্রমিক নম্বরের সঙ্গে ঐ নামগুলিও সংযোগ করা আমরা সমীচীন বোধ করিয়াছি।

বৌদ্ধ-মিশন হইতে প্রকাশিত যাবতীয় অনুবাদিত পুস্তক ধর্ম্মশাস্ত্রাভিলাষী পাঠকগণের সৌজন্যে প্রায় নিঃশেষ হইয়াছে। এ কারণে পুনরায় যাবতীয় পুস্তক দ্বিতীয় সংস্করণ করা হইতেছে।

অগ্রহায়ণ পূর্ণিমা<br>২।১২।১৯৩৭ইং

বিনীত—<br>বৌদ্ধ-মিশন কর্ম্মীসঙ্ঘ

# পুস্তক-পরিচয়

ম— বিসুদ্ধারাম স্থবির প্রণীত বার্ম্মা অক্ষরে মুদ্রিত পুস্তক।

ই— MAUNG TIN M.A প্রণীত ইংরেজী অক্ষরে মুদ্রিত পুস্তক।

# কাণ্ড-সূচী


| | | |
|---|---|---|
| ১। | পণ্ডিত-কাণ্ড | ... ১ |
| ২। | সুজন-কাণ্ড | ... ১৫ |
| ৩। | বাল দুর্জ্জন-কাণ্ড | ... ২৪ |
| ৪। | মিত্র-কাণ্ড | ... ২৮ |
| ৫। | স্ত্রী-কাণ্ড | ... ৩৩ |
| ৬। | রাজা-কাণ্ড | ... ৩৯ |
| ৭। | প্রকীর্ণক-কাণ্ড | ... ৪৭ |

# লোক-নীতি

নমো তস্স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্স

লোক-নীতিং পবক্খামি নানাসত্থ-সমুদ্ধতং,
মাগধেনেব সঙ্খেপং বন্দিত্বা রতনত্তযং।

ত্রিরত্নকে বন্দনা করিয়া মাগধী ভাষায় সংক্ষেপে নানাশাস্ত্র-সমুদ্ধৃত লোক-নীতি সম্বন্ধে বর্ণনা করিব।

## প্রথম অধ্যায়

### পণ্ডিত-কাণ্ড

১

নীতি হি লোকে পুরিসস্স সারো,
মাতা পিতা আচরিযো চ মিত্তো,
তস্মা হি নীতিং পুরিসো বিজঞ্ঞা,
ঞানী মহা হোতি বহুস্সুতো চ।

এ জগতে নীতিই পুরুষের পক্ষে একমাত্র সারবস্তু, মাতা-পিতা-আচার্য্য-মিত্র সকলেই সারধর্ম্মে অবস্থিত ; এই কারণে যে কোন পুরুষ নীতিকে বিশেষরূপে জানিয়া বহুশ্রুত ও মহাজ্ঞানী হইতে সমর্থ হন।

২—চাণক্য শ্লোক

অলসস্স কুতো সিপ্পং, অসিপ্পস্স কুতো ধনং ?
অধনস্স কুতো মিত্তং, অমিত্তস্স কুতো সুখং ?
অসুখস্স কুতো পুঞ্ঞং, অপুঞ্ঞস্স কুতো *বরং ?

১। অলসের পক্ষে শিল্পশিক্ষা কি সম্ভব ?
২। শিল্প জানা না থাকিলে ধন কোথায় পাইবে ?
৩। দরিদ্রের মিত্রলাভ সম্ভব কি ?
৪। মিত্র অভাবে আর সুখ কি ?
৫। যে অসুখী তা'র আবার পুণ্য কি ?
৬। অপুণ্যবানের শ্রেষ্ঠত্ব লাভ কি সম্ভব ?

৩

‡ সিপ্পং সমং ধনং নত্থি, সিপ্পং চোরা ন গণ্হরে,
ইধলোকে সিপ্পং মিত্তং পরলোকে সুখাবহং ।

১। এ জগতে শিল্পের সমান ধন নাই।
২। শিল্পজ্ঞানকে চোরেরা হরণ করিতে পারে না।
৩। এ জগতে শিল্পই মানবের মিত্র-স্বরূপ।
৪। শিল্প প্রভাবে পরলোকও সুখের হয়।

---

ম ! *নিব্বাণং। ‡সিপ্পা।

৪

অপ্পকং নাতিমঞেঞয্য চিত্তে সুতং নিধাপযে,
বম্মিকোদকবিন্দু'ব, চিরেন পরিপূরতি।

১। যেমন ক্ষুদ্র উপচীকা বিন্দু বিন্দু মাটী তুলিয়া মাটীর বৃহৎ স্তূপ নির্ম্মাণ করে, যেমন বিন্দু বিন্দু বারি-বর্ষণে কুম্ভ পরিপূর্ণ হইয়া যায়, তেমন ক্ষুদ্র বস্তু বলিয়া উপেক্ষা করিও না।

২। যাহা শুন, তাহা চিত্তে পুতিয়া রাখিবে।

৫

খুদ্দো'তি নাতিমঞেঞয্য বিজ্জং বা * সিপ্পমথ বা।
একম্পি পরিযোদাতং জীবিতকপ্পকারণং।

যে কোন বিদ্যা হউক, শিল্প হউক ক্ষুদ্র বলিয়া উপেক্ষা করিও না। একটি বিষয়ে নিপুণতা লাভ করিলে জীবন যাপনের পক্ষে শ্রেষ্ঠ-পন্থা হইবে।

৬—চাণক্য শ্লোক

সেলে সেলে ন মাণিকং, গজে গজে ন মুত্তিকং,
বনে বনে ন চন্দনং, ঠানে ঠানে ন পণ্ডিতং।

১। প্রত্যেক পর্ব্বতে মাণিক পাওয়া যায় না।

২। প্রত্যেক হস্তীতে মুক্তা উৎপন্ন হয় না।

৩। প্রত্যেক বনে চন্দন মিলে না।

৪। প্রত্যেক স্থানে পণ্ডিত পাওয়া যায় না।

---

* । সিক্‌থং এব বা।

৭

পণ্ডিতো সুত-সম্পন্নো যত্থ অত্থী'তি চে সুতো,
মহুস্সাহেন তং ঠানং গন্তব্বং'ব সুতেসিনা।

বিদ্যার্থী যেখানে শাস্ত্রজ্ঞ পণ্ডিত আছেন বলিয়া শুনিবে, সেখানে মহোৎসাহের সহিত গমন করিবে।

৮

সিনে সিপ্পং, সিনে ধনং, সিনে পব্বতমারুযহং,
সিনে কামস্স, কোধস্স, ইমে পঞ্চ সিনে সিনে।

১। ধৈর্য্য সহকারে ক্রমে ক্রমে শিল্পোন্নতি করিতে হয়।

২। ধন-সঞ্চয় আস্তে আস্তে করিতে হয়।

৩। ধীরে ধীরে পর্ব্বতে আরোহণ করিতে হয়।

৪। অশুভ চিন্তাবলে ক্রমে কামরিপুকে দমন করিতে হয়।

৫। মৈত্রীবলে ক্রোধকে ক্রমে বিধ্বংশ করিতে হয়।

এই পাঁচটি বিষয়ে শনৈঃ শনৈঃ অগ্রসর হইবে।

৯—১০

সুতি, সম্মুতি, সঙ্খ্যা চ যোগা, নীতি, বিসেসকা,
গন্ধব্বা, গণিকা চেব, ধনুব্বেদা চ পুরণা।
তিকিচ্ছা, ইতিহাসা চ, জোতি, মাযা চ, ছন্দতি,
কেতু, মন্তা চ, সদ্দা চ, সিপ্পা'ট্ঠারসা ইমে।

শ্রুতি, সম্মৃতি, সংখ্যা, যোগ, নীতি, বৈশেষিক, গন্ধর্ব্ব, গণিকা, ধনুর্ব্বেদ, পুরাণ, চিকিৎসা, ইতিহাস, জ্যোতিষ, মায়া, ছন্দ, কেতু, মন্ত্র ও শব্দ এই আঠারটিকে শিল্পশাস্ত্র বলে।

১১

অপুট্‌ঠো পণ্ডিতো ভেরী, পজ্জুন্নো হোতি পুচ্ছিতো,
বালো পুট্‌ঠো অপুট্‌ঠো'পি, বহুম্পি ভণতে সদা।

যেমন ভেরীতে প্রহার না করিলে শব্দ-জাত হয় না, তেমন পণ্ডিত ব্যক্তি জিজ্ঞাসিত না হইলে নীরব থাকেন, জিজ্ঞাসিত হইলে মেঘের বারি বর্ষণের ন্যায় বাক্য-বর্ষণ করেন, কিন্তু মূর্খ জিজ্ঞাসিত হউক না হউক সর্ব্বদা ভণ্ ভণ্ করিতে থাকে।

১২—চাণক্য শ্লোক

পোত্থকেসু চ যং সিপ্পং পরহত্থেসু যং ধনং,
যথাকিচ্চে সমুপ্পন্নে ন তং সিপ্পং ন তং ধনং।

যাহার বিদ্যা পুথিগত ও যাহার ধন পরহস্তে, যখন তাহার দরকার হয়, তখন সেই বিদ্যা ও ধন কোন উপকারে আসে না।

১৩

জলপ্পমাণং কুমুদনালং, কুলপ্পমাণং * বিনযো পধানং,
ব্যত্তিপ্পমাণং কথিতবাক্যং, পঠবীযা পমাণং তিণংমিলাতং।

১। কুমুদনালের দৈর্ঘ্যতায় জলের প্রমাণ জানা যায়।
২। বিনয় দর্শনে কুলের প্রমাণ জানা যায়।
৩। বাক্যালাপে মানুষের পরিচয় পাওয়া যায়।
৪। তৃণ-লতার ম্লানভাব দর্শনে পৃথিবীর বা মাটীর উর্ব্বরতা জানা যায়।

ন। * বিনযোপ্পমাণং।

১৪

অপ্পস্সুতো সুতং অপ্পং বহুং মঞ্ঞতি মানবো,
সিন্ধু'দকমপস্সন্তো কূপে তোযং'ব মণ্ডুকো।

ভেক সাগরের জল না দেখিয়া যেমন কূপের জলকে বেশী মনে করে, তেমন স্বল্পজ্ঞানী মানব নিজের সামান্য বিদ্যাকে বেশী মনে করে।

১৫

পঠমং ন * পরাজযে সিপ্পং, দুতিযং ন পরাজযে ধনং,
ততিযং ন পরাজযে ধম্মং, চতুত্থং কিং করিস্সতি ?

১। যে প্রথম বয়সে বা বাল্যকালে বিদ্যাশিক্ষা না করে, সে পরাজিত হয়।

২। যে দ্বিতীয় বয়সে বা যৌবনকালে ধনার্জ্জন না করে, সে পরাজিত হয়।

৩। যে তৃতীয় বয়সে বা প্রৌঢ়কালে ধর্ম্ম সঞ্চয় না করে, সে পরাজিত হয়।

৪। যে কেহ শেষ বয়সে বা বৃদ্ধকালে আর কি করিবে ?

১৬

ব্যত্ত পুত্র ‡ কিমালস্যে অব্যত্তো ভারহারকো,
ব্যত্তকো পূজিতো লোকে, ব্যত্ত পুত্র দিনে দিনে।

১। হে সুদক্ষ তনয়, তোমার আলস্য করা কি প্রয়োজন ?

২। অদক্ষ তনয় "সর্ব্বদা" গুরুভার বহন করিয়া থাকে।

ম। *ন পরাজিতো। ই। ‡কিমলস্সো।

৩। এ জগতে সুদক্ষ লোক পূজিত হয়।

৪। হে পুত্র, তুমি দিনে দিনে পাণ্ডিত্য অর্জ্জন কর।

## ১৭—চাণক্য শ্লোক

মাতা বেরী পিতা শত্রু ঃ যেন বালে ন সিক্খিতা,
সভামজ্ঝে ন সোভতি হংসমজ্ঝে বকো যথা।

যেই মাতা-পিতা বাল্যকালে ছেলেকে বিদ্যা শিক্ষায় বঞ্চিত করে, সেই মাতা-পিতা পুত্রের শত্রু হয়। হংসপাল মধ্যে বক যেমন শোভা পায় না, তেমন মূর্খ পুত্রও সভার মধ্যে শোভা পায় না।

## ১৮

কণ্টকং গিরি কো তিক্খতি ?
কো অঞ্জনং মিগক্খিকং ?
*উপ্পলস্স পল্ললে কো সুগন্ধং ?
কুলপুত্তরূপো কো পবত্তি ? সামং ভবো।

১। গিরিজাত কণ্টককে কে তীক্ষ্ণধার করে ?

২। মৃগনয়নে কে অঞ্জন লেপন করে ?

৩। উৎপলদলে কে সুগন্ধ মাখে।

৪। কুলপুত্রকে কে গুণদান করে ?

অর্থাৎ কণ্টকে তীক্ষ্ণধার, মৃগনয়নে অঞ্জন, উৎপলদলে সুগন্ধ যেমন স্বভাবত হয়, তেমন কুলপুত্রও স্বভাবত সর্ব্বগুণের আধার হইবেন।

---

ই। ‡কেন। ই। *উপ্পলং।

১৯

ন রসং অকো তম্বুলং, অধনস্স'লঙ্কতম্পি,
অ-লোণকন্তু ব্যঞ্জনং, ব্যাকরণং অ-সিপ্পস্স।

১। চূণা বিনা পানরস স্বাদযুক্ত হয় না।
২। দরিদ্রকে অলঙ্কারে শোভা পায় না।
৩। লবণ বিনা ব্যঞ্জন স্বাদু হয় না।
৪। ব্যাকরণ বিনা ভাষার গুরুত্ব বাড়ে না।

২০

সুস্সুসা সুত-সম্পন্নো, সুতং পঞ্ঞায বড্ঢতি,
পঞ্ঞায অত্থং জানাতি, ঞাতো অত্থো সুখাবহো।

১। পুনঃ পুনঃ আবৃত্তিতে শ্রুতিজ্ঞান জন্মে।
২। শ্রুতিজ্ঞানে প্রজ্ঞা বৃদ্ধি হয়।
৩। প্রজ্ঞা প্রভাবেই অর্থ জানিতে পারে।
৪। জ্ঞাত অর্থ সুখ প্রদান করে।

২১—চাণক্য শ্লোক

ভোজনং মেথুনং নিদ্দা গোণে পোসেপি বিজ্জতি,
বিজ্জা বিসেসো পোসস্স, হীনো গোণসমো ভবে।

ভোজন-মৈথুন-নিদ্রা গরুর মধ্যে ও পুরুষের মধ্যে আছে। বিদ্যাগুণেই পুরুষ শ্রেষ্ঠত্ব লাভ করে। বিদ্যা অভাবে মানুষ গরুতুল্য হীন হয়।

২২—ধম্মপদং

নত্থি বিজ্জাসমং মিত্তং, ন চ ব্যাধিসমো রিপু,
ন চ অত্তসমং পেমং, ন চ কম্মসমং বলং।

১। বিদ্যার সমান মিত্র নাই।

২। ব্যাধির সমান রিপু নাই।

৩। দেহের সমান ভালবাসার বস্তু নাই।

৪। কর্ম্মের সমান বলবান নাই।

২৩

হংসমজ্ঝে ন কাকানং, সীহো গুন্নং ন সোভতে,
গদ্রভমজ্ঝে তুরঙ্গো, বালমজ্ঝে ন পণ্ডিতো।

১। কাকপালে হংস শোভা পায় না।

২। গোদলে সিংহ শোভা পায় না।

৩। গর্দ্দভের দলে অশ্ব শোভা পায় না।

৪। মূর্খের বৈঠকে পণ্ডিত শোভা পায় না।

২৪—ধম্মপদং

যাবজীবম্পি চে বালো পণ্ডিতং পযিরুপাসতি,
ন সো ধম্মং বিজানাতি দব্বী সূপরসং যথা।

মূর্খ ব্যক্তি আজীবন পণ্ডিতের সঙ্গে বাস করিলেও, চামচ সূপরসে থাকিয়াও যেমন আস্বাদ অনুভব করে না, তেমন সেও ধর্ম্ম-রস অনুভব করিতে পারে না।

২৫—ধম্মপদং

মুহুত্তমপি চে বিঞ্ঞু পণ্ডিতং পযিরুপাসতি,
খিপ্পং ধম্মং বিজানাতি জিব্হা সূপরসং যথা।

বিজ্ঞ ব্যক্তি মুহূর্ত্তকাল পণ্ডিতের সঙ্গে বাস করিলে, জিহ্বা যেমন সূপ-রস শীঘ্র অনুভব করিতে পারে, তেমন তিনিও ধর্ম্ম-রস শীঘ্র অনুভব করিতে পারেন।

### ২৬—জাতকং

বিনা সত্থং ন গচ্ছেয্য সূরো সঙ্গামভূমিযং,
পণ্ডি-ত্ব-দ্ধগূ বাণিজো বিদেসগমনো তথা।

যোদ্ধা যেমন সংগ্রামক্ষেত্রে বিনা অস্ত্রে গমন করেন না, তেমন পুস্তক বিনা পণ্ডিত, সঙ্গী বিনা পথিক ও ধন বিনা বণিক বিদেশে গমন করিবেন না।

### ২৭—চাণক্য শ্লোক

ধননাসং মনোতাপং ঘরে দুচ্চরিতানি চ,
বঞ্চনঞ্চ অবমানং পণ্ডিতো ন পকাসযে।

পণ্ডিত ব্যক্তি অকারণে ধন পরিহানির বিষয়, নিজের অন্যায় মনস্তাপ, স্বীয় ঘরের দোষ, অন্যায় প্রবঞ্চনা ও স্বীয় অপমান-কর বিষয় কাহাকেও প্রকাশ করিবেন না।

### ২৮

পত্তানুরূপকং বাক্যং, সভাবরূপকং পিযং,
অত্তানুরূপকং কোধং, যো জানাতি স পণ্ডিতো।

১। লোক বুঝিয়া বাক্য বলা উচিত।

২। স্বভাব বুঝিয়া বন্ধুত্ব করা উচিত।

৩। নিজের মাত্রা জানিয়া রাগ করা উচিত।

৪। যিনি এ সব বিষয়ে অভিজ্ঞ তিনিই পণ্ডিত।

### ২৯

অ-ধনস্স রসং খাদা, অ-বলস্স হতা নরা,
অ-পঞ্ঞস্স বাক্যকথা, উম্মত্তকা সমা ইমে।

১। ধন হীনের রস খাদ্যে লোভ,
২। দুর্ব্বলের মল্লযুদ্ধে ইচ্ছা,
৩। অজ্ঞানীর বাক্যালাপে ইচ্ছা,
উন্মত্ত সাজিবার উপায় মাত্র।

৩০

অনবহাযং গমযন্তো, অপুচ্ছা বহু ভাসকো,
অত্তগুণং পকাসেন্তো, তিবিধং হীনলক্খণং।

১। বিনা আহ্বানে পরগৃহে গমন,
২। বিনা জিজ্ঞাসায় বহু কথা ভাষণ,
৩। আত্ম-প্রশংসা যথায় তথায় বর্ণন,
এই তিনটি হীন প্রকৃতির লক্ষণ।

৩১

অপ্পরূপো বহুভাসো, অপ্পপঞ্ঞো পকাসতি,
অপ্পপূরো ঘটো খোভে, অপ্পখীরা গাবী চলে।

১। রূপহীন নিজের রূপ সম্বন্ধে অধিক বর্ণনা করে।
২। স্বল্পজ্ঞানী নিজকে বেশী জ্ঞানী বলিয়া প্রকাশ করে।
৩। অপূর্ণ ঘট বেশী শব্দ করে।
৪। দুগ্ধহীন গাবীর দোহনে চঞ্চলতা স্বাভাবিক।

৩২

মণ্ডুকে'পি উক্রে সীহে, কাকগচে পিযে পিযে,
অ-পণ্ডী'পি পণ্ডী হুত্বা ‡ধীরা †পুচ্ছে *ভযে ভযে।

‡ধীরো। † ই। *জযে।

ভেকের উৎকুটিক (পা-গুটাইয়া) উপবেশনে নিজকে সিংহ তুল্য মনে করে, কিন্তু তাহাকে যখন কাক আসিয়া আক্রমণ করে, তখন 'পিয় পিয়' রব করিয়া থাকে। তদ্রূপ অপণ্ডিত পণ্ডিতের ভাণ দেখাইলে, যদি কোন জ্ঞানী তাহাকে প্রশ্ন করে, তখন তাহার 'এঙে এঙে' করা ছাড়া উপায় নাই।

৩৩

মণ্ডুকে'পি উক্কে সীহে, সূকরে'পি উহে দীপে,
বিলারে সদিসে ব্যগ্‌ঘে, সব্বধীরে সিপ্পসমে।

১। ভেক সিংহবৎ উপবেশনে সিংহ হইতে পারে না।

২। শূকর 'ঘোঁ ঘোঁ' রবে দীপি হইতে পারে না।

৩। বিড়াল ব্যাঘ্রাকৃতিতে ব্যাঘ্র হইতে পারে না।

৪। তেমন সকল পণ্ডিত সমতুল্য হইতে পারে না।

৩৪

ন তিত্তি রাজা ধনম্হি, পণ্ডিতো'পি সুভাসিতে,
চক্খু'পি পিযদস্সনে, জলে সাগরো ন' তিত্তি।

১। রাজার ধনলাভে তৃপ্তি নাই।

২। পণ্ডিতের বহু বক্তৃতায় তৃপ্তি নাই।

৩। চক্ষুর প্রিয়রূপ দর্শনে তৃপ্তি নাই।

৪। সাগরের জললাভে তৃপ্তি নাই।

৩৫—চাণক্য শ্লোক

রূপযোব্বনসম্পন্না বিসালকুলসম্ভবা,
বিজ্জাহীনা ন সোভন্তি নিগন্ধা ইব কিংসুকা।

প্রসিদ্ধ কুল-জাত বিদ্যাহীন সুশ্রী যুবক গন্ধহীন পলাশ তুল্য শোভা পায় না।

৩৬

হীনপুত্তো রাজামচ্চো, ব্যালপুত্তো চ পণ্ডিতো,
অধনস্স ধনং বহু, পুরিসানং ন মঞ্ঞথ।

১। কর্ম্মবলে হীনপুত্রও রাজামাত্য হইতে পারে।
২। মূর্খপুত্রও একদিন বীর্য্যবলে পণ্ডিত হইতে পারে।
৩। দরিদ্রও একদিন নিজের অধ্যবসায়গুণে মহাধনী হইতে পারে।
৪। সেই কারণে কোন পুরুষকে অবজ্ঞা করিও না।

৩৭

যো সিস্সো সিপ্পলোভেন বহুং গণ্হাতি তং সিপ্পং,
মূগো'ব সুপিনং পস্সং কথেতুম্পি ন উস্সহে।

যে বিদ্যার্থী বিদ্যার লোভে পড়িয়া অমনোযোগের সহিত একসঙ্গে বহু গ্রন্থ অধ্যয়ন করে, সে বোবার স্বপ্ন দর্শনের ন্যায় কোন কথায়ই প্রকাশ করিতে পারে না।

৩৮

ন *ভিজ্জেতুং কুম্ভকারো সোভেতুং কুম্ভং ঘট্টতি,
ন খিপিতুং অপায়েসু সিস্সানং বুদ্ধিকারণা।

---

ই। *ভঞ্জেতুং।

যেমন কুলাল পুনঃ পুনঃ প্রহার করিয়া ঘটের সৌন্দর্য্য গঠন করে, ভাঙ্গিবার জন্য প্রহার করে না, তেমন গুরু শিষ্যকে যে পুনঃ পুনঃ শাসন করে, অপায়ে ক্ষেপণের জন্য নহে, তাহার শ্রীবৃদ্ধির জন্যই করিয়া থাকে।

৩৯—ধম্মপদং

তগরঞ্চ পলাসেন যো নরো উপনযহতি,
পত্তাপি সুরভি বাযন্তি এবং ধীরূপসেবনা।

কোন ব্যক্তি পত্রদ্বারা সুগন্ধ তগর পুষ্প বাঁধিলে, সেই পত্রদিয়াও সুরভি যেমন প্রবাহিত হয়, তেমন সৎসঙ্গ প্রভাবে নিজের সুযশ-সুখ্যাতিও শ্রীবৃদ্ধি প্রাপ্ত হয়।

পণ্ডিত-কাণ্ড সমাপ্ত।

# দ্বিতীয় অধ্যায়

## সুজন-কাণ্ড

### ৪০—ধম্মপদং

সব্ভিরেব সমাসেথ, সব্ভি কুব্বেথ সন্থবং,

সতং সদ্ধম্মমঞ্ঞায সেয্যো হোতি ন পাপিযো।

১। সাধুর সহিত বাস কর।

২। সাধুর সহিত মিত্রতা কর।

৩। সত্যধর্ম্ম জানা থাকিলে ভাল হয়, খারাপ হয় না।

### ৪১

চজ দুজ্জনসংসগং, ভজ সাধুসমাগমং,

কর পুঞ্ঞমহোরত্তিং, সর নিচ্চমনিচ্চতং।

১। দুর্জ্জনের সংসর্গ ত্যাগ কর।

২। সাধু সমাগমে রমিত হও।

৩। অহোরাত্রি পুণ্য কর।

৪। নিত্য অনিত্যকে স্মরণ কর।

### ৪২—জাতকং

যথা উদুম্বরপক্কা বহিরত্তকমেব চ,

অন্তো কিমিহি সম্পূন্না এবং দুজ্জনহদযা।

যেমন ডুমুরের বহির্ভাগ রক্তবর্ণ, ভিতরভাগ কৃমিপূর্ণ, তেমন দুর্জ্জনের বহির্ভাগ সুন্দর, কিন্তু ভিতরভাগ দোষপূর্ণ।

৪৩

যথা'পি পনসপক্কা বহি কণ্টকমেব চ,

অন্তো অমতসম্পন্না এবং সুজ্জনহদযা।

যেমন কাঁটালের বহির্ভাগ কণ্টকময়, ভিতরভাগ অমৃতময়, তেমন সুজনের বহির্ভাগ সুন্দর না হইলেও, কিন্তু হৃদয় বহু গুণময় হয়।

৪৪

সুক্খো'পি চন্দনতরু ন জহাতি গন্ধং,

নাগো গতো *রণমুখে ন জহাতি লীলং,

যন্তগতো মধুরসং ন জহাতি উচ্ছুং;

দুক্খো'পি পণ্ডিতজনো ন জহাতি ধম্মং।

১। চন্দন বৃক্ষ শুকাইলেও সুগন্ধি ত্যাগ করে না।

২। হস্তী রণমুখে পতিত হইলেও, তাহার লীলা ত্যাগ করে না।

৩। ইক্ষু যন্ত্রযোগে নিষ্পেষিত হইলেও মধুররস ত্যাগ করে না।

৪। পণ্ডিত ব্যক্তি দুঃখে পতিত হইলেও ধর্ম্ম ত্যাগ করে না।

৪৫

সীহো নাম জিঘচ্ছা'পি পণ্ণাদীনি ন খাদতি,

সীহো নাম কিস্সো চাপি নাগমংসং ন খাদতি।

---

ম, ই। *নররমুখে।

১। সিংহ ক্ষুধার্ত্ত হইলেও তৃণপত্র ভক্ষণ করে না।

২। সিংহ অনাহারে কৃশ হইলেও হস্তীর মাংস ভক্ষণ করে না।

৪৬

কুলজাতো কুলপুত্তো কুলবংসো সুরক্খতো,
অত্তনা দুক্খপত্তো'পি হীনকম্মং ন কারযে।

কুলীন কুলপুত্র বংশের মর্য্যাদা সংরক্ষণ করে। সে নিজে দুঃখ পাইলেও হীন কর্ম্ম করে না।

৪৭

চন্দনং সীতলং লোকে, ততো চন্দং'ব সীতলং,
চন্দনং-চন্দ-সীতম্হা সাধুবাক্যং সুভাসিতং।

এ জগতে চন্দন অতিশয় শীতল, তদপেক্ষা চন্দ্রের কিরণ অত্যধিক শীতল। কিন্তু চন্দন ও চন্দ্রকিরণের শীতলতার চেয়ে সুভাষিত সাধুবাক্য সর্ব্বাপেক্ষা শীতল।

৪৮

উদেয্য ভানু পচ্ছিমে, *মেরুরাজা নমেয্য'পি,
সীতলো যদি †নরকগ্গি'পি, পব্বতগ্গে চ উপ্পলং
বিকসে, ন বিপরীতং ‡সাধুবাক্যং কুদাচনং।

কোনদিন ভানু যদি পশ্চিম দিকে উদিত হয়, মেরুরাজ যদি নমিত হয়, নরকাগ্নি যদি শীতল হয়, পর্ব্বতাগ্রে যদি উৎপল প্রস্ফুটিত হয়, ইহা সম্ভব হইতে পারে, কিন্তু সৎ-পুরুষের বাক্য কদাচ বিপরীত হইতে পারে না।

---

ব। *মেরুরাজাপি নমতি। †নিরযাগ্গি। ‡সাধুবাচা।

৪৯

সুখা রুক্খস্স ছাযা'ব, ততো ঞাতি মাতা-পিতু,
ততো আচরিযো রঞ্ঞো ততো বুদ্ধস্স'নেকধা।

বৃক্ষের ছায়া আশ্রয়ে শ্রান্তের সুখ লাভ অপেক্ষা জ্ঞাতি-মাতা-পিতার আশ্রয় ততোধিক সুখদায়ক, তদপেক্ষা আচার্য্য ও রাজার আশ্রয় সুখদায়ক, সর্ব্বাপেক্ষা বহুগুণে বুদ্ধের শরণ-গ্রহণ অতিশয় সুখদায়ক।

৫০—চাণক্য শ্লোক

ভমরা পুপ্ফমিচ্ছন্তি, গুণমিচ্ছন্তি সজ্জনা,
মক্খিকা পূতিমিচ্ছন্তি, দোসমিচ্ছন্তি দুজ্জনা।

১। ভ্রমরেরা পুষ্পলাভ ইচ্ছা করে।
২। সজ্জনেরা গুণার্জ্জন ইচ্ছা করে।
৩। মক্ষিকারা পূতিগন্ধ ইচ্ছা করে।
৪। দুর্জ্জনেরা দোষ গ্রহণ ইচ্ছা করে।

৫১

মাতাহীনস্স দুব্ভাসা, পিতাহীনস্স দুক্কিরিযা,
উভো মাতা-পিতাহীনা দুব্ভাসা চ দুক্কিরিযা।

১। নীচাশয়া মাতার পুত্র কর্কশভাষী হয়।
২। নীচাশয় পিতার পুত্র অনাচারে রত হয়।
৩। মাতা-পিতা উভয় নীচাশয় হইলে পুত্র মুখর ও অনাচারী হয়।

৫২

মাতাসেট্ঠস্স সুভাসা, পিতাসেট্ঠস্স সুকিরিযা,
উভো মাতা-পিতাসেট্ঠা সুভাসা চ সুকিরিযা।

১। মাতা শিষ্টা হইলে পুত্র সুভাষী হয়।

২। পিতা শিষ্ট হইলে পুত্র সুকার্য্যপরায়ণ হয়।

৩। মাতা-পিতা উভয় ভদ্র হইলে পুত্র সুভাষী ও সুকার্য্যসেবী হয়।

৫৩

সঙ্গামে সূরমিচ্ছন্তি, মন্তীসু অকুতূহলং,
পিযঞ্চ অন্ন-পানেসু, *অত্থকিচ্চেসু পণ্ডিতং।

১। সংগ্রামের সময়ে যোদ্ধার প্রয়োজন হয়।

২। নিরানন্দ সময়ে মন্ত্রণাদাতার প্রয়োজন হয়।

৩। ভোজন সময়ে প্রিয়জনের প্রয়োজন হয়।

৪। দুরূহ বিষয় জানিতে হইলে পণ্ডিতের প্রয়োজন হয়।

৫৪—জাতকং

সুনখো সুনখং দিস্বা দন্তং দস্সেতি হিংসিতুং,
দুজ্জনো সুজনং দিস্বা রোসযং হিংসমিচ্ছতি।

যেমন এক কুকুর অন্য কুকুরকে দেখিয়া দাঁত দেখাইয়া হিংসা প্রকাশ করে, তেমন দুর্জ্জন সুজনকে দেখিয়া আক্রোশ ও হিংসা করিয়া থাকে।

ই। *অত্থে জাতে চ।

৫৫

মা চ বেগেন কিচ্চানি কারেসি কারাপেসি বা,
সহসা কারিতং কম্মং মন্দো পচ্ছানুতপ্পতি।

নিজেও হঠাৎ কোন কার্য্য করিবে না, অপরের দ্বারাও হঠাৎ কোন কার্য্য করাইবে না, অদূরদর্শী হঠাৎ কোন কাজ করিয়া পরে অনুতপ্ত হয়।

৫৬

কোধং বিহিত্বা *কদাচি ন সোচতি
মক্খ-প্পহানং ইসযো বণ্ণযন্তি,
সব্বেসং ফরুসবাচং †খমেথ
এতং খন্তিং উত্তমমাহু সন্তো।

১। ক্রোধ ত্যাগ করিলে কখনও শোক করিতে হয় না।

২। যাহারা অপরের দোষকীর্ত্তন ত্যাগ করিয়াছে, তাহাদিগকে ঋষিগণ প্রশংসা করিয়া থাকেন।

৩। কাহাকেও পরুষ বাক্য বলা হইতে ক্ষান্ত থাকিবে।

৪। সৎপুরুষ এই ক্ষান্তিগুণ উত্তম বলিয়া প্রশংসা করিয়াছেন।

৫৭

দুক্খো নিবাসো সম্বাধে ঠানে অসুচিসঙ্কটে,
ততো অরিম্হি অপ্পিযে, ততো'পি অকতঞ্ঞুনা।

কোন সঙ্কীর্ণ ও অপবিত্র স্থানে বাস করা দুঃখ জনক। তদপেক্ষা শত্রু ও অপ্রিয়-সহিত বাস করা দুঃখ জনক। সর্ব্বাপেক্ষা অকৃতজ্ঞ লোকের সহিত বাস করা অধিক দুঃখজনক।

---

ম। *ন কদাচি সোচে। †খমথ।

৫৮—ধম্মপদং

ওবদেয্য অনুসাসেয্য *অসব্ভা চ নিবারযে,
সতং হি সো পিযো হোতি, অসতং হোতি অপ্পিযো।

যে উপদেশ প্রদান করে, যে পুনঃ পুনঃ অনুশাসন করে, যে অন্যায় কার্য্য হইতে নিবারণ করে, সে সতের প্রিয়পাত্র হয় বটে, কিন্তু অসতের অপ্রিয় হয়।

৫৯

উত্তমন্তনিবাতেন, সূরং ভেদেন নিজ্ঝযে,
নীচং অপ্পকদানেন, ‡বীরিযেন সমং জযে।

১। আত্মাভিমান ত্যাগ করিয়া শ্রেষ্ঠজনকে জয় কর।

২। ভেদ ব্যবহারে শূরজনকে পরাজয় কর।

৩। নীচ-হৃদয়কে দান প্রভাবে পরাজয় কর।

৪। প্রচেষ্টাবলে সমজনকে পরাজয় কর।

৬০

ন *বিসং বিসমিচ্চাহু ধনং সঙ্ঘস্স উচ্চতে,
বিসং একং'ব হনতি সব্বং সঙ্ঘস্স সন্তকং।

বিষ বিষ নহে, সংঘিক ধনই প্রধান বিষ; বিষ একজনকে হত্যা করে, সঙ্ঘ-সম্পত্তি সকলকে বিনাশ করে।

৬১

জবেন ভদ্রং জানাতি, বলিবদ্দঞ্চ বাহনা,
দুহেন ধেনুং জানাতি, ভাসমানেন পণ্ডিতং।

---

ই। *পাপকা। ন। ‡বাযামেন।

১। দ্রুতগতি দেখিয়া অশ্বকে জানা যায়।

২। ভার বহনে বলীবর্দ্দকে জানা যায়।

৩। দোহনে ধেনুকে জানা যায়।

৪। বাক্যালাপে পণ্ডিতকে জানা যায়।

৬২

ধনমপ্পম্পি সাধূনং কূপে বারী'ব নিস্সযো,
বহুং বাপি অসাধূনং ন চ বারী'ব অণ্ণবে।

কূপের জলের ন্যায় সাধু ব্যক্তির অল্প ধনেও উপকার হয়। সাগরের জলের ন্যায় অসাধু ব্যক্তির বহু ধনেও উপকার হয় না।

৬৩

*আপং পিবন্তি নো নজ্জা, রুক্খা খাদন্তি নো ফলং,
বস্সন্তি কচি নো মেঘা, পরত্থায সতং ধনং।

১। নদী কখনও জলপান করে না।

২। বৃক্ষ কখনও ফল ভক্ষণ করে না।

৩। মেঘ যেমন বারি বর্ষণে সাধারণের উপকার করে, তেমন সাধু পুরুষের ধন পরহিতার্থ ব্যয়িত হইয়া থাকে।

৬৪

অ-পত্থেয্যং ন পত্থেয্য, অ-চিন্তেয্যং ন চিন্তযে,
ধম্মমেব সুচিন্তেয্য, কালং মোঘং ন অচ্চযে।

১। অপ্রার্থিত বস্তুর প্রার্থনা করিবে না।

২। অচিন্তনীয় বিষয়ের চিন্তা করিবে না।

---

ই। *নজ্জো পিযন্তি নো আপং।

৩। ধর্ম্মচিন্তাই সুচিন্তার বিষয়।

৪। অযথা সময় কাটাইবে না।

### ৬৫—সেলসুত্তং

অচিন্তিতম্পি ভবতি, চিন্তিতম্পি বিনস্সতি,
ন হি চিন্তামযা ভোগা ইত্থিযা পুরিসস্স বা।

১। যাহা চিন্তা করা হয় নাই, তাহাও একদিন ঘটিয়া থাকে।

২। যাহা চিন্তা করিয়া ঠিক করা হইয়াছে, তাহাও একদিন বিনষ্ট হইয়া যায়।

৩। স্ত্রী-পুরুষ চিন্তানুরূপ ফল কখনো ভোগ করিতে পারে না।

### ৬৬—পরাভবসুত্তং

অ-সন্তস্স পিযো হোতি, সন্তং ন কুরুতে পিযং,
অ-সতং ধম্মং রোচেতি তং পরাভবতো মুখং।

যে অসাধুর প্রিয় হয়, যে সাধুর সেবা করে না, যে অসৎ ধর্ম্মকে ভালবাসে, সে সর্ব্বদা পরাজিত হয়।

**সুজন-কাণ্ড সমাপ্ত।**

# তৃতীয় অধ্যায়

## বাল দুর্জ্জন কাণ্ড

৬৭

অভি পিযো ন কাতব্বো খলো কোতূহলং করো.

সিরসা বযহমানো'পি অড্ডপূরো ঘটো যথা ।

যেমন অর্দ্ধপূর্ণ কলসীকে মস্তকে রাখিয়া বহন করিলেও শব্দ করে, তেমন কুতূহলাবিষ্ট হইয়া খল লোককে অতিশয় প্রিয় ভাবিবে না।

৬৮—চাণক্য শ্লোক

সপ্পো দুট্‌ঠো, খল দুট্‌ঠো, সপ্পা দুট্‌ঠতরো খলো,

মন্তোসধেহি সো সপ্পো, খলো কেনুপসম্মতি ।

সর্পও দুষ্ট, খলও দুষ্ট, কিন্তু সর্পের চেয়ে খললোক অতিশয় দুষ্ট, মন্ত্র ও ঔষধে সর্প বশীভুত হয়, খললোক কিছুতেই উপশান্ত হয় না!

৬৯—ধম্মপদং

যো বালো মঞ্ঞতি বাল্যং পণ্ডিতো বাপি তেন সো,

বালো'ব পণ্ডিতমানী স বে বালো'তি বুচ্চতি।

যে মূর্খ নিজের মুর্খতা অবগত আছে, সে সেই পরিপরিমাণে পণ্ডিত, কিন্তু মূর্খ পণ্ডিতমানী হইলে সে অতি-মূর্খ নামে কথিত হয়।

## ৭০—ধম্মপদং

মধু'ব মঞ্ঞতি বালো যাব পাপং ন পচ্চতি,
যদ চ পচ্চতি পাপং অথ দুক্খং নিগচ্ছতি।

মূর্খ যাবৎ পাপের ফল প্রদান না করে, তাবৎ পাপকে মধুবৎ জ্ঞান করে, যখন পাপের ফল ভোগিতে থাকে, তখন দুঃখ পীড়িত হইয়া অবস্থান করে।

## ৭১

ন সাধু বলবা বালো সাহসা *বিধতে ধনং,
কাযস্স ভেদা দুপ্পঞ্ঞো নিরযং সো'পপজ্জতি।

অজ্ঞানীর বলপ্রাপ্ত হওয়া মঙ্গল নহে, কারণ সে দুঃসাহসিক কর্ম্মে অপরের ধন হরণ করিয়া থাকে। অজ্ঞানী দেহান্তে নিরয়ে উৎপন্ন হইয়া থাকে।

## ৭২—চাণক্য শ্লোক

ঘরে দুট্‌ঠো চ মূসিকো, বনে দুট্‌ঠো চ বানরো,
সকুণে চ দুট্‌ঠো কাকো, নরে দুট্‌ঠো চ ব্রাহ্মণো।

১। ঘরের মধ্যে দুষ্ট মূষিক।
২। বনের মধ্যে দুষ্ট বানর।
৩। পক্ষীর মধ্যে দুষ্ট কাক।
৪। নরের মধ্যে দুষ্ট অধার্ম্মিক ব্রাহ্মণ।

ম। *বিন্দতে।

৭৩—ধম্মপদং

দীঘা জাগরতো রত্তি, দীঘং সন্তস্স যোজনং,
দীঘো বালানং সংসারো সদ্ধম্মং অ-বিজানতং।

১। জাগ্রতের নিকট রাত্রি দীর্ঘ বোধ হয়।

২। শ্রান্তের নিকট পথ দীর্ঘ বোধ হয়।

৩। সদ্ধর্ম্ম সম্বন্ধে অজ্ঞাত মূর্খের নিকট সংসার দীর্ঘ বোধ হয়।

৭৪

তিলমত্তং পরেসঞ্ঞেব অপ্পদোসঞ্চ পস্সতি,
নালিকেরম্পি স দোসং খলজাতো ন পস্সতি।

খলব্যক্তি পরের তিল পরিমাণ দোষকেও বড় মনে করে, অথচ নিজের নারিকেল প্রমাণ দোষকেও সামান্য মনে করে।

৭৫

ন'ত্ত দোসং পরে জঞ্ঞা, জঞ্ঞা দোসং পরস্স তু,
*গুয়েহ কুম্মো'ব অঙ্গানি, পরদোসঞ্চ লক্খয়ে।

কেহ নিজের দোষ পরকে জানিতে দেয় না। কিন্তু পরের দোষ জানিতে উৎসাহিত হয়, কূর্ম্ম যেমন স্বীয় ঢালে 'পা-মাথা' লুকায়িত রাখে, তেমন খললোক নিজের দোষ ঢাকিবার জন্য সচেষ্ট হয়।

---

ই। *গুহে।

৭৬

পণ্ডিতস্স পসংসায দণ্ডো বালেন দীয্যতে,

পণ্ডিতো পণ্ডিতেনেব বণ্ণিতো'ব সুবণ্ণিতো।

অজ্ঞানীর প্রশংসায় পণ্ডিতের দণ্ডস্বরূপ হয়। কিন্তু পণ্ডিত কর্ত্তৃক পণ্ডিতের গুণ বর্ণিত হইলে উহা সুবর্ণিত হয়।

৭৭

লুদ্ধং অত্থেন গণ্হেয্য, থদ্ধং অঞ্জলিকম্মুনা,

ছন্দানুবত্তিযা মূল্হং, যথাভূতেন পণ্ডিতং।

১। লোভীকে ধনদানে বাধ্য করিবে।

২। অভিমানীকে বন্দনায় বাধ্য করিবে।

৩। মতের সামঞ্জস্যে মূর্খকে বাধ্য করিবে।

৪। যথাযথ বাক্যে পণ্ডিতকে বাধ্য করিবে।

বাল দুর্জ্জন-কাণ্ড সমাপ্ত।

# চতুর্থ অধ্যায়

## মিত্র-কাণ্ড

৭৮

হিতকরো পরো বন্ধু, বন্ধুপি অহিতো পরো,
অহিতো দেহজো ব্যাধি, হিতং অরঞ্ঞমোসধং।

১। উপকার করিলে অপরও মিত্র হয়।

২। অহিত করিলে বন্ধুও পর হয়।

৩। অহিত দেহ-জাত ব্যাধির ন্যায়।

৪। হিত বন-জাত ঔষধের ন্যায়।

৭৯—চাণক্য শ্লোক

পরোক্খে গুণ হন্তারং পচ্চক্খে পিযবাদিনং,
বজ্জেয্য তাদিসং মিত্তং বিসকুম্ভে যথা মধুং।

যে পরোক্ষে অনিষ্ট করে, প্রত্যক্ষে ভালবাসে, বিষ-কুম্ভোপরি মধুর ন্যায় তাদৃশ মিত্রকে বর্জ্জন করিবে।

৮০

ধনহীনে চজে মিত্তো, পুত্ত-দারা সহোদরা,
ধনবন্তে'ব সেবন্তি, ধনং লোকে মহাসখা।

১। ধনহীন হইলে মিত্রও ত্যাগ করে।

২। পুত্র-দার ও সহোদর অর্থহীনকে ত্যাগ করে।

৩। এ জগতে ধনবাঁনকে সকলে সেবা করে।

৪। এ জগতে ধনই মহা সখাতুল্য।

৮১

জানেয্য পেসনে ভচ্চং, *বন্ধুবা'পি ভযাগতে,
অপ্পকাসু তথা মিত্তং, দারঞ্চ বিভবক্খযে।

১। কার্য্য দিয়া ভৃত্যের পরীক্ষা কর।

২। ভয়ে-বিপদে বন্ধুর পরীক্ষা কর।

৩। ধন অভাবে মিত্রের পরীক্ষা কর।

৪। সম্পত্তিক্ষয়ে পত্নীর পরীক্ষা কর।

৮২

সো বন্ধু যো হিতে যুত্তো, পিতরো হোন্তি পোসকা,
তং মিত্তং যত্থ বিস্সাসো, সা ভরিযা যত্থ নিব্বুতি।

১। যে হিত সাধন করে সে-ই বন্ধু।

২। যে পালন করে সে-ই পিতা।

৩। যে বিশ্বাসী সে-ই মিত্র।

৪। যে শান্তিদায়িনী সে-ই ভার্য্যা।

৮৩—চাণক্য শ্লোক

ন বিস্সসে †অবিস্সত্থং, মিত্তঞ্চ পি ন বিস্সসে,
কদাচি কুপ্পিতে মিত্তে সব্বদোসং পকাসযতি।

১। অবিশ্বাসীকে বিশ্বাস করিবে না।

২। মিত্রকেও সকল বিষয়ে বিশ্বাস করিবে না।

৩। মিত্র কখনও বিরুদ্ধ হইলে সমস্ত দোষ প্রকাশ করিয়া ফেলিবে।

ম। *বন্ধবাপি। ‡চ। †অমিত্তস্স।

৮৪

সকিং দুট্ঠঞ্চ যো মিত্তং পুন সন্ধিতুমিচ্ছতি,
সো মচ্চুং উপগণ্হাতি গব্ভং অস্সতরী যথা।

বিরুদ্ধ মিত্রের সঙ্গে পুনরায় মিত্রতা করিতে ইচ্ছা করাটা যেমন অশ্বতরী মরণের জন্য গর্ভ গ্রহণ করে, তেমন তাহার পক্ষে মিত্র-বরণ করাটা হয়।

৮৫

বহে অমিত্তং খন্ধেন যাবকালং অনাগতে,
তমেব আগতে কালে *নিগ্গণ্হেয্য যথারুচি।

যতদিন সুসময় না আসে, ততদিন শত্রুকে কাঁধে করিয়াও বহন করিতে হয়, যখনই সুযোগ আসিবে, তখনই যথারুচি নিগ্রহ করিবে।

৮৬

ইণসেসো অগ্গিসেসো ‡সত্রুসেসো তথেব চ,
পুনপ্পুনং বিবড্ঢন্তি, তস্মা সেসং ন কারযে।

ঋণ, অগ্নি ও শত্রুর শেষ হইল মনে করিও না, এইগুলি সময়ে বৃদ্ধি পায়, সেই কারণে এইগুলি নির্মূল হইল ভাবিও না।

৮৭

পদুমং'ব মুখং যস্স, বাচা চন্দন-শীতলা,
তাদিসং নো'পসেবেয্য, হদয়ে তু হলাহলং।

---

ই। *সেলে ভিন্দে যতং ইব। ম। ‡রোগ।

যাহার মুখ পদ্মতুল্য সুশ্রী, বাক্য চন্দনের ন্যায় শীতল, কিন্তু হৃদয় হলাহল পূর্ণ, তাদৃশ লোককে সেবা করিবে না।

৮৮

ন সেবে ফরুসং সামিং, ন চ সেবেয্য মচ্ছরিং,
ততো অপ্পগণ্হং সামি, নেব নিগ্গহিতকং ততো।

১। পরুষভাষী প্রভুকে সেবা করা উচিত নহে।
২। পরশ্রীকাতরকে সেবা করা উচিত নহে।
৩। নিগ্রহকারী প্রভুর সংস্রব ত্যাগ করা উচিত।
৪। অনুন্নতকামী প্রভুর সেবা করা উচিত নয়।

৮৯

সিঙ্গিং পঞ্ঞাসহত্থেন, *সতেন বাজীনং বজ্জে,
হত্থিদন্তিং সহস্সেন, দেস-চাগেন দুজ্জনং।

১। শৃঙ্গধারী হইতে পঞ্চাশ হাত দূরে থাকিবে।
২। অশ্ব হইতে শতহাত দূরে থাকিবে।
৩। হস্তী হইতে সহস্র হাত দূরে থাকিবে।
৪। দেশত্যাগ করিয়া হইলেও দুর্জ্জন-সংসর্গ ত্যাগ করিবে।

৯০—চাণক্য শ্লোক

কুদেসঞ্চ কুমিত্তঞ্চ কুকুলঞ্চ কুবান্ধবং,
কুদারঞ্চ কুদাসঞ্চ দূরতো পরিবজ্জয়ে।

কুদেশ, কুমিত্র, কুকুল, কুবান্ধব, কুদার, কুদাস দূরে থাকিতে বর্জ্জন করিবে।

ই। *বজ্জে সতেন বাজিনং।

৯১

রোগাতুরে চ দুব্ভিক্খে ব্যসনে চ সত্তুগহে,
রাজদ্বারে সুসানে চ সখা যে তিট্ঠন্তি সুমিত্তকা।

রোগাবস্থায়, দুর্ভিক্ষকালে, ব্যসন সময়ে, শত্রুর আক্রমণে, রাজদ্বারে ও শ্মশানে মিত্রের পরীক্ষা কর। এমন সময়ে যে সুমিত্র, সে-ই সঙ্গে থাকে।

৯২

সীতবাচো বহুমিত্তো, ফরুসো অপ্পমিত্তকো,
উপমা এত্থ ঞাতব্বা চন্দ-সূরিয-রাজূনং।

১। মিষ্টভাষীর বহু মিত্রলাভ হয়।

২। পরুষভাষীর মিত্রলাভ অল্প হয়।

৩। চন্দ্ররশ্মি ও সূর্য্যকিরণ হইতে এই উপমা পরিজ্ঞাত হইবে।

**মিত্র-কাণ্ড সমাপ্ত।**

# পঞ্চম অধ্যায়

## স্ত্রী-কাণ্ড

### ৯৩—চাণক্য শ্লোক

কোকিলানং সরোরূপং, নারীরূপং পতিব্বতা,
বিজ্জারূপং অ-রূপানং, খমারূপং তপস্সিনং।

১। কোকিলের রূপ মিষ্টস্বর।
২। নারীর রূপ পাতিব্রত্য।
৩। অরূপের রূপ বিদ্যা।
৪। তাপসের রূপ ক্ষমা।

### ৯৪

ইত্থিনঞ্চ ধনং রূপং, পুরিসানং বিজ্জা ধনং,
ভিক্খূনঞ্চ ধনং সীলং, রাজানঞ্চ ধনং বলং।

১। নারীর ধন রূপ।
২। পুরুষের ধন বিদ্যা।
৩। ভিক্ষুর ধন শীল।
৪। রাজার ধন সৈন্য।

### ৯৫

তপস্সিনো কিসা সোভা, থূলা সোভা চতুপ্পদা,
পুরিসা বিজ্জবা সোভা, ইত্থী সোভা সমাসিকা।

১। তপস্বীর শোভা কৃশকায়।
২। চতুষ্পদের শোভা স্থূলতা।
৩। পুরুষের শোভা বিদ্যা।
৪। স্ত্রীর শোভা স্বামী।

৯৬

পঞ্চরত্ত্যা সুগন্ধব্বা, সত্তরত্ত্যা ধনুগ্গহা,
একমাসা সুভরিযা, অড্ঢমাসা সিস্সা মলা।

১। পাঁচরাত্রি অবাদনে বাদকের তাল নষ্ট।
২। সপ্তরাত্রি ধনুত্যাগে ধনুর্দ্ধারীর লক্ষ্য নষ্ট।
৩। এক মাস পরিত্যাগে স্বামীর ভার্য্যা নষ্ট।
৪। অর্দ্ধমাস গুরুত্যাগে গুরুর শিষ্য নষ্ট।

৯৭

হিং রমতি পং, হং রমতি পোক্,
থী রমতি পুং, খু রমতি ধং।

১। মহিষের আনন্দ পঙ্কে।
২। হংসের আনন্দ পুকুরে।
৩। স্ত্রীর আনন্দ পুরুষে।
৪। ভিক্ষুর আনন্দ ধর্ম্মে।

৯৮

জিণ্ণমম্মং পসংসেয্য, দারঞ্চ গতযোব্বনং,
রণা পুনাগতং সূরং, সস্সঞ্চ গেহমাগতং।

১। অন্নের প্রশংসা জীর্ণ হইলে।
২। ভার্য্যার প্রশংসা বৃদ্ধকালে।
৩। বীরের প্রশংসা রণস্থলে।
৪। শস্যের প্রশংসা ঘরে আসিলে।

৯৯

দ্বিত্তিপতিকো নারী চ, ভিক্খু দ্বিত্তিবিহারিকো,
দ্বিত্তিপাসমুত্তো পক্খি, কত মায়া বহুতরং।

১। নারী দুই-তিন স্বামী ত্যাগ করিলে,
২। ভিক্ষু দুই-তিন বিহার ত্যাগ করিলে,
৩। পক্ষী দুই-তিন জাল মুক্ত হইলে, তাহাদের বহুতর মায়ার কারণ জানা যায়।

১০০

দুজ্জনং পহারা দমে, মিত্তং দমে অভাণিকা,
ইত্থীঞ্চ ব্যসনা দমে, রাগীনং অপ্পভোজনং।

১। দুজ্জনকে প্রহার দানে দমন করিবে।
২। বাক্য না বলিয়া মিত্রকে দমন করিবে।
৩। ব্যসন প্রদানে স্ত্রীকে দমন করিবে।
৪। অল্পমাত্র ভোজন দানে ক্রোধীকে দমন করিবে*।

১০১—চাণক্য শ্লোক

রত্তিং বিনা ন চন্দিমা, বীচিং বিনা চ অণ্ণবো,
হংসং বিনা পোক্খরণী, পতিং বিনা কঞ্ঞা সোভা।

১। রাত্রি বিনা চন্দ্রমার শোভা নাই।
২। তরঙ্গ বিনা সমুদ্রের শোভা নাই।
৩। হংস বিনা পুষ্করিণীর শোভা নাই।
৪। পতি বিনা কন্যার শোভা নাই।

১০২

পতিনা জনিতো ভোগো ইত্থিযা'ব সংগোপিতো,
পুরিসো'ব হি পধানো ইত্থী সুত্তং'ব সূচিযা।

পতি সম্পত্তি সঞ্চয় করে, পত্নী উহা রক্ষা করে। দুইয়ের মধ্যে পুরুষই প্রধান, জায়া পতি সূচ-সূতা তুল্য।

১০৩—জাতকং

সব্বা নদী বঙ্কগতা, সব্বে কট্ঠমযা বনা,
সব্বিত্থিযো করে পাপং লভমানে নিবাতকে।

১। সমস্ত নদীর গতি বক্র।
২। সমস্ত বন কাষ্ঠময়।
৩। সমস্ত স্ত্রী সুযোগ পাইলে পাপ করে।

১০৪

বিবাদসীলিং উস্সূযভাণিনিং, সম্পজ্জতণ্হিং বহুপাকভুঞ্জিনিং,
অগ্গান্নভুঞ্জিং পরগেহবাসিনিং, নারিং চজে পুত্তসতম্পি পোসো।

বিবাদ পরায়ণা, ঈর্ষাভাষিণী, তৃষ্ণাবহুলা, বহুভোজিনী, সর্ব্বাগ্রে ভোজনকারিণী ও পরগৃহবাসিনী নারী শতপুত্র প্রসব করিলেও পুরুষ তাহাকে ত্যাগ করিবে।

১০৫

ভুত্তেসু মণ্ডেসু জননী'ব কন্তিনী,
গুযেহ চ ঠানে ভগিনী'ব হীরিণী।

কম্মেসু পত্তেসু করোতি দাসী'ব,
ভযেসু মন্তী, সযনেসু রামযে,
রূপীসু সিক্খী কুপনেসু খন্তিনী,
সা নারী সেট্ঠাতি বদন্তি পণ্ডিতা ;
কাযস্স ভেদা চ দিবে ভবেয্য সা।

যেই নারী ভোজনকালে ও মণ্ডনকালে মাতার ন্যায় আদরিণী, গোপন বিষয়ে ভগ্নীর ন্যায় রক্ষাকারিণী, কার্য্যকালে দাসীর ন্যায় কর্ম্মকারিণী, ভয়কালে মন্ত্রী সমা, শয়নকালে আনন্দদায়িনী, রূপে শিখী তুল্যা, ক্রোধকালে ক্ষান্তিশীলা, সেই নারী শ্রেষ্ঠা বলিয়া পণ্ডিতেরা বলেন, সে দেহান্তে স্বর্গবাসিনী হইয়া থাকে।

১০৬

সামা মিগক্খি তনুমজ্ঝগতা
সূরূ সুকেসী সমদন্তপন্তি,
গম্ভীরনাভি যুবতী সুসীলী
হীন কুলে জাতাপি বিবাহ্যা।

শ্যামবর্ণা, মৃগনয়না, ক্ষীণকটী, চারু উরু, সুকেশী, সমদন্ত পঙ্‌তি, গভীর নাভী, সুশীলা যুবতীর হীনকুলে জন্ম হইলেও সে বিবাহ যোগ্যা।

১০৭

সরদং উতুকালানং, ভরিযানং রূপবতী,
জেট্ঠো পধানং পুত্তানং, দিসানং উত্তরাদিসা।

১। ঋতু সমূহের মধ্যে শরৎ ঋতু শ্রেষ্ঠ।

২। ভার্য্যাদের মধ্যে রূপবতী শ্রেষ্ঠ।

৩। পুত্রগণের মধ্যে জ্যেষ্ঠপুত্র শ্রেষ্ঠ।

৪। দিক সমূহের মধ্যে উত্তর দিক শ্রেষ্ঠ।

১০৮—জাতকং

যা ইচ্ছে পুরিসো হোতুং জাতি জাতি পুনপ্পুনং,
সামিকং অপচাযেয্য ইন্দং'ব পারিচারিকা।

যেই নারী জন্মে জন্মে পুরুষ হইতে ইচ্ছা করে, সেই নারী ইন্দ্রের পরিচর্য্যাকারিণীর ন্যায় স্বামীকে সেবা করিবে।

১০৯—জাতকং

যো ইচ্ছে পুরিসো হোতুং জাতি জাতি পুনপ্পুনং,
পরদারং বিবজ্জেয্য ধোতপাদো'ব কদ্দমং।

যেই পুরুষ জন্মে জন্মে পুরুষ হইতে ইচ্ছা করে, সে ধৌত-পদ ব্যক্তি যেমন কর্দ্দম ত্যাগ করে, তেমন পরদার সেবা (মৈথুন) ত্যাগ করিবে।

১১০—পরাভব সুত্তং

অতীত যোব্বনো পোসো আনেতি তিম্বরুত্থনিং,
তস্সা ইস্সা ন সুপতি তং পরাভবতো মুখং।

যদি যৌবন বিগত পুরুষ তিম্বরুস্তনা যুবতী বিবাহ করে, সে যুবতীর অন্য পুরুষ-সংসর্গে ঈর্ষা করিয়া নিদ্রা যাইতে পারে না। কাজেই বৃদ্ধ তরুণী ভার্য্যা গ্রহণে পরাজিত হয়।

স্ত্রী-কাণ্ড সমাপ্ত।

# ষষ্ঠ অধ্যায়

## রাজা-কাণ্ড

১১১

একযামং সযে রাজা, দ্বিযামঞ্চেব পণ্ডিতো,

ঘরবাসো তিযামং'ব, চতুযামং তু যাচকো।

১। রাজা একযাম মাত্রা শয়ন করিবে।

২। পণ্ডিত দুইযাম মাত্রা শয়ন করিবে।

৩। গৃহবাসী তিনযাম মাত্রা শয়ন করিবে।

৪। ভিক্ষাজীবী চারিযাম মাত্রা শয়ন করিবে।

১১২

ধনবা সুতবা রাজা নদী বেজ্জো চ ইমে পঞ্চ,

যস্মিং দেসে ন বিজ্জন্তি ন তত্থ দিবসং বসে।

যেই দেশে ধনী, জ্ঞানী, রাজা, নদী ও বৈদ্য এই পাঁচটি নাই, তথায় একদিনও বাস করিবে না।

১১৩—চাণক্য শ্লোক

যস্মিং পদেসে ন মানো, ন পেমং ন চ বন্ধবা

ন চ বিজ্জাগমো কোচি, ন তত্থ দিবসং বসে।

১। যে দেশে সম্মানিত ব্যক্তির সম্মান নাই,

২। যে দেশে প্রেমিক ও বান্ধব নাই,

৩। যে দেশে বিদ্যাশিক্ষার স্থান নাই,

সেই দেশে একদিনও বাস করিবে না।

## ১১৪—চাণক্য শ্লোক

অপুত্তকং ঘরং সুঞ্ঞং, রট্ঠসুঞ্ঞং অরাজকং,
অসিপ্পস্স মুখং সুঞ্ঞং, সব্বসুঞ্ঞা দলিদ্দতা।

১। পুত্র বিনা ঘর শূন্য।
২। রাজা বিনা রাজ্য শূন্য।
৩। শিল্পহীনের বদন শূন্য।
৪। দরিদ্রতা সর্ব্বশূন্য।

## ১১৫

ধনমিচ্ছেষ্য বাণিজ্জে, বিজ্জমিচ্ছে ভজে সুতং,
পুত্তমিচ্ছে তরুণিত্থিং, রাজামচ্চং বসং গমে।

১। ধনলাভের ইচ্ছা থাকিলে বাণিজ্য কর।
২। বিদ্যালাভের ইচ্ছা থাকিলে পণ্ডিতের ভজনা কর।
৩। পুত্রলাভের ইচ্ছা থাকিলে তরুণীতে আসক্ত হও।
৪। রাজ-কার্য্য ইচ্ছা করিলে রাজার সেবা কর।

## ১১৬

নট্ঠো যতি অসন্তুট্ঠো, সন্তুট্ঠো চ মহীপতি,
লজ্জা চ গণিকা নট্ঠা, নিল্লজ্জা কুলধীতিকা।

১। যতি নষ্ট অসন্তোষে।
২। রাজা নষ্ট অন্যায় সন্তোষে।
৩। গণিকা নষ্ট লজ্জায়।
৪। কুলধীতা নষ্ট নির্লজ্জতায়।

১১৭—সুত্তং

পক্খীনং বলমাকাসো, মচ্ছানমূদকং বলং,
দুব্বলস্স বলং রাজা, কুমারানং রুদং বলং।

১। পক্ষীর বল আকাশে।
২। মৎস্যের বল জলে।
৩। দুর্ব্বলের বল রাজাশ্রয়ে।
৪। কুমারের বল রোদনে।

১১৮

খমা জাগরিয়ুট্ঠানং সংবিভাগো দযিক্খনা,
নায়কস্স গুণা এতে, ইচ্ছিতব্বা সতং গুণা।

ক্ষমা, জাগ্রত জীবন, প্রচেষ্টা, সমভাগ, সমদর্শন প্রভৃতি নায়কের গুণ, এইগুলি শতগুণ বৃদ্ধি করিতে ইচ্ছা করিবে।

১১৯

সকিং বদন্তি রাজানো, সকিং সমণ-ব্রাহ্মণা,
সকিং সপ্পুরিসা লোকে এস ধম্মো সনন্তনো।

১। এ জগতে রাজাগণের এক কথা।
২। এ জগতে শ্রমণ ও অর্হৎ ব্রাহ্মণগণের এক কথা।
৩। এ জগতে সৎ পুরুষগণের এক কথা।

ইহাই সনাতন নীতি বা আর্য্যধর্ম্ম।

১২০—জাতকং

অলসো গিহী কামভোগী ন সাধু
অসঞ্ঞতো পব্বজিতো ন সাধু,

রাজা ন সাধু অনিসম্মকারী,
পণ্ডিতো কোধনো তম্পি ন সাধু।

১। কামভোগী গৃহীর পক্ষে অলসতা ভাল নয়।
২। প্রব্রজিতের পক্ষে অসংযম ভাব ভাল নয়।
৩। রাজার পক্ষে ঔদাসীন্য ভাব ভাল নয়।
৪। পণ্ডিতের পক্ষে ক্রোধ স্বভাব ভাল নয়।

## ১২১—চাণক্য শ্লোক

বহবো যত্থ নেত্তারো, সব্বে পণ্ডিতমানিনো,
সব্বে মহত্তমিচ্ছন্তি, তেসং কম্মং বিনস্সতি।

১। যে স্থানে নেতার সংখ্যা বেশী,
২। যে স্থানে পণ্ডিতমানী বেশী,
৩। যে স্থানে সকলে বড় হইতে চায়,
তাহাদের কার্য্য বিনষ্ট হইয়া যায়।

## ১২২

আযং খযং সযং জঞ্ঞা, রাজা সযং কতাকতং,
নিগ্গহে নিগ্গহেতব্বং, পগ্গহে পগ্গহারহং।

১। রাজা স্বয়ং আয়-ব্যয় পরীক্ষা করিবেন।
২। রাজা কর্ম্মচারীদের কৃতাকৃত কর্ম্মের সন্ধান নিবেন।
৩। রাজা নিগ্রহোচিত বিষয় নিগ্রহ করিবেন।
৪। রাজা গ্রহণোচিত বিষয় গ্রহণ করিবেন।

## ১২৩

পিট্‌ঠিতো'ক্কং নিসেবেয্য, কুচ্ছিনা'ব হুতাসনং,
সামিকং সব্বভাগেন পরলোকং অমোহবা।

১। পৃষ্ঠে সূর্য্যের কিরণ লাগাইবে।

২। উদরে অগ্নির তাপ লাগাইবে।

৩। স্বামীকে সর্ব্বশরীরে সেবা করিবে।

৪। অমোহবলে পরলোক সেবা করিবে।

১২৪

অগ্গি আপো ইত্থী মূল্হো সপ্পো রাজকুলানি চ,
অপযন্তেনো গন্তব্বং, অচ্চেকং পাণহারকা।

অগ্নি, জল, স্ত্রী, মূর্খ, সর্প, রাজকুল প্রভৃতি এড়াইয়া সাবধানে চলিবে, এই গুলি একান্ত প্রাণান্তকর।

১২৫

পদুট্ঠভরিযসংবাসো, পদুট্ঠচিত্তদাসকো,
স-সপ্পো চ ঘরে বাসো, মচ্চু এব ন সংসযো।

১। দুষ্টা ভার্য্যার সহিত বাস করিলে,

২। দূষিতচিত্ত দাসের সহিত ভ্রমণ করিলে,

৩। সর্প আছে এমন ঘরে বাস করিলে, মৃত্যু যে নিশ্চয় হইবে, ইহাতে আর সংশয় নাই।

১২৬

মূল্হসিস্সোপদেসেন, কুনারী ভরণেন চ,
অসতা সম্পযোগেন, পণ্ডিতো'পি অবসীদতি।

১। মূর্খ শিষ্যকে উপদেশ দিলে,

২। কুনারীকে ভরণ-পোষণ করিলে,

৩। অসতের সহিত সংসর্গ করিলে, পণ্ডিতও তাহাদের ভাবে ডুবিয়া যায়।

১২৭

মাতা পুত্তকরং পাপং, সিস্সপাপং গুরু তথা,
রাজা রট্ঠকরং পাপং, রাজপাপং পুরোহিতো।

১। পুত্রের পাপে মাতা দোষী।
২। শিষ্যের পাপে গুরু দোষী।
৩। প্রজার পাপে রাজা দোষী।
৪। রাজার পাপে পুরোহিত দোষী

১২৮—জাতকং

অক্কোধেন জিনে কোধং, অসাধুং সাধুনা জিনে,
জিনে *কদরিযং দানেন, সচ্চেন অলিকবাদিনং।

১। মৈত্রীভাবে ক্রোধকে জয় কর।
২। সাধুতাগুণে অসাধুতাকে জয় কর।
৩। দানবলে কৃপণকে জয় কর।
৪। সত্যপ্রভাবে মিথ্যাকে জয় কর।

১২৯—সুত্তং

অদন্তদমনং দানং, দানং সব্বত্থসাধকং,
দানেন পিযবাচায উন্নমন্তি নমন্তি চ।

১। দানে অদান্ত দান্ত হয়।
২। দানে সর্ব্বার্থ সিদ্ধ হয়।
৩। দানে ও প্রিয়বচনে ঊর্দ্ধগতি ও নম্রগতি হয়।

---

* [illegible] অচ্ছরিযং।

১৩০

দানং সিনেহভেসজ্জং, মচ্ছেরং দোসনোসধং,

দানং যসস্সিভেসজ্জং, মচ্ছেরং কপণোসধং।

১। দান স্নেহ ভৈষজ্য তুল্য।

২। মাৎসর্য্য দোষবৃদ্ধিকর ঔষধ তুল্য।

৩। দান যশবৃদ্ধিকর ঔষধ তুল্য।

৪। মাৎসর্য্য কৃপণতা বাড়াইবার ঔষধ তুল্য।

১৩১

বহূনমপ্পসারানং সামগ্গিযা জযং জযে,

তিণেহি বট্টতে যোত্তং, তেন নাগোপি *বজ্ঝতে।

অল্পগুণ বিশিষ্ট বহুলোকের একতাবলে অসাধ্যও সাধ্য হয়, যেমন তৃণদ্বারা রজ্জু করিয়া হস্তীকে বন্ধন করা যায়।

১৩২

সহাযো অসমত্থোপি তেজসা কিং করিস্সতি?

নিবাতে জলিতো অগ্গি সযমেব উপসম্মতি।

সহায় অপটু হইলে, শুধু তেজ থাকিলে কি ফল হইবে? বায়ুহীন স্থানে প্রজ্জলিত অগ্নিও স্বভাবত নির্বিয়া যায়।

১৩৩

ন রঞ্ঞা সমকং ভুঞ্জে কামভোগং কুদাচনং,

আকপ্পং সরকুত্তিং বা মালা-গন্ধ-বিলেপনং।

মালা-সুগন্ধি-বিলেপন-অলঙ্কার-স্বর বিভূতি প্রভৃতি কাম-ভোগ্য বস্তু রাজার ন্যায় কখনও ব্যবহার করিবে না।

ম। *বন্ধতি।

১৩৪

ন মে রাজা সখা হোতি, ন রাজা হোতি *মেথুনো,
এসো সামিকো মযহন্তি চিত্তে নিট্ঠং সুঠাপযে।

১। রাজা আমার সখা নহে।
২। রাজা আমার কুটুম্ব নহে।
৩। রাজা আমার প্রভু, চিত্তে দৃঢ়ভাবে রাখিবে।

১৩৫

নাতিদূরে ভজে রঞ্ঞো, নচ্চাসন্নে পবাতকে,
উজুকে নাতিনিন্নে চ ন ভজে উচ্চমাসনে;
ছদোসে বজ্জে সেবকো তিট্ঠে অগ্গিং'ব সংযতো।

অতি দূরে থাকিয়া, অতি নিকটে যাইয়া, প্রতিবাতে দাঁড়াইয়া, অতি নীচে থাকিয়া, উচ্চ আসনে বসিয়া ও সোজা হইয়া রাজাকে ভজনা করিবে না, এই ছয় দোষ ত্যাগ করিয়া রাজসেবকরূপে অগ্নিবৎ রাজ-পূজা করিবে।

১৩৬

গুণী সব্বঞ্ঞু তুল্যোপি ন সোভতি অনিস্সযো,
অনগ্ঘোপি মণিসেট্ঠো হেমং নিস্সায সোভতি।

সর্ব্বজ্ঞ তুল্য গুণী হইলেও আশ্রয় বিনা শোভা পায় না, উত্তম মহামূল্য মণি যেমন হেমলতা আশ্রয়ে শোভিত হয়।

**রাজা-কাণ্ড সমাপ্ত।**

---

৫?

* । মেথুনো ধনং।

# সপ্তম অধ্যায়

## প্রকীর্ণক-কাণ্ড

১৩৭

ইত্থিমিস্সে কুতো সীলং, মংসভক্খে কুতো দযা?
সুরাপানে কুতো সচ্চং, মহালোভে কুতো *হিরী?
মহাতন্দে কুতো সিপ্পং, মহাকোধে কুতো ধনং?

১। যে স্ত্রী-সংসর্গে থাকে, তাঁহার শীল কোথায়?
২। যে মাংস ভক্ষণ করে, তাহার দয়া কোথায়?
৩। যে সুরাপান করে, তাহার সত্য কোথায়?
৪। যে মহালোভী, তাহার লজ্জা কোথায়?
৫। যে মহাতন্দ্রাপরায়ণ, তাহার শিল্প কোথায়?
৬। যে মহাক্রোধী, তাহার ধন কোথায়?

১৩৮

সুরা-যোগো বিকালো চ সমজ্জচরণালসং
খিড্ডা ধুত্তো পাপমিত্তো ভোগনাসং মুখা ইমে।

যাহারা সুরাপায়ী, বিকালে ভ্রমণকারী, নাচ-গানে প্রমত্ত, আলস্যপরায়ণ, ক্রীড়াসক্ত, পাপীমিত্র সংসর্গকারী, তাহারা সম্পত্তি বিনাশ করিয়া থাকে।

ম। *লজ্জা।

১৩৯

দিবা না-দিস্বায় বত্তব্বং, রত্তো নাবচনেন চ,
সঞ্চরেয্য ভযা ভীতো বনে বনচরী যথা।

দিনে এদিক ওদিক না দেখিয়া কথা বলা অনুচিত। রাত্রিতে অনুসন্ধান না করিয়াও কথা বলা অসঙ্গত। যেমন ভীত বনচর সতর্কতার সহিত বনে বিচরণ করে।

১৪০

জীবন্তাপি মতা পঞ্চ ব্যাসেন পরিকিত্তিতা,
দুক্খিতো ব্যাধিতো মূলহো ইণবা নিত্যসেবকো॥

দুঃখক্লিষ্ট, ব্যাধিত, মূর্খ, ঋণগ্রস্ত ও নিত্য সেবক এ পাঁচজন জীবন্মৃত বলিয়া ব্যাস কর্ত্তৃক কীর্ত্তিত হইয়াছে।

১৪১—জাতকং

অনাগতং ভযং দিস্বা দূরতো পরিবজ্জয়ে,
আগতঞ্চ ভযং দিস্বা অভীতো হোতি পণ্ডিতো।

১। অনাগত ভয় দূরে থাকিতে বর্জ্জন করিবে।
২। আগত ভয়ে পণ্ডিত ব্যক্তি নির্ভীক থাকেন।

১৪২

নিদ্দালুকো পমত্তো চ সুখত্থো রোগবালসো,
মহিচ্ছো কম্মারামো চ সত্তেতে সত্তবজ্জিতা।

নিদ্রালু, প্রমত্ত, সুখপিপাসু, রোগী, অলস, মহালোভী ও নিত্য কর্ম্মব্যস্ত এই সাতজন নীতি-শাস্ত্র বর্জ্জিত।

১৪৩

তুগ্গতং গচ্ছ হে লাভ, লাভী লাভেন পূরতি,
থলে পবস্স পজ্জুন্ন, সিন্ধু আপেন পূরতি;
ধম্মজাতমিদং হোতি নত্থী'দং কম্মপ্পধানং।

হে অর্থ, দরিদ্রের নিকটে যাও। ধনী ধনে পরিপূর্ণ। হে মেঘ, স্থলে বর্ষণ কর। সাগর জলে পরিপূর্ণ, ইহা প্রাকৃতিক ধর্ম্ম, ইহাতে কর্ম্মের প্রভাব কিছুই নাই।

১৪৪

যস্মিং কোচি কতে কিচ্চে কত্তারং সমুপেক্খতে,
তস্মা সব্বানি কিচ্চানি অসাবসেসেন কারযে।

কেহ কোন কাজ আরম্ভ করিলে তাহা উপেক্ষা না করিয়া করিয়াই যাইবে, সেই কারণে প্রারব্ধ সমস্ত কার্য্য নিঃশেষ ভাবে সম্পাদন করিবে।

১৪৫

তূলং সল্লহুকং লোকে, ততো চপলজাতিকো,
ততো বুড্ঢানমনোবাদো পমত্তো বুদ্ধসাসনে।

এ জগতে তূলা অতি হাল্কা পদার্থ, তদপেক্ষা চপল স্বভাব হাল্কা, তার চেয়ে বুদ্ধ-শাসনে গুরুর উপদেশ যে গ্রহণ না করে সে সর্ব্বাপেক্ষা হাল্কা।

১৪৬

পাসাণচ্ছত্তং গরুকং, ততো দেবানাচিক্খণং,
ততো বুড্ঢানমোবাদো, ততো বুদ্ধস্স সাসনং।

পাষাণছত্র বা প্রস্তরফলক ওজনে ভারী, তদপেক্ষা দেব-বাক্য ভারী, তার চেয়ে গুরুর উপদেশ ভারী, সর্ব্বাপেক্ষা বুদ্ধের উপদেশ অতিশয় ভারী।

১৪৭

কাযস্স দক্খিণহত্থো দাসো এত্থ কনিট্ঠকো,
কণ্ণ-ঘণান-মক্খিনং, বামো তু পাদদাসকো।

দক্ষিণহস্ত শরীরের দাস, কনিষ্ঠ অঙ্গুলি, কর্ণ, নাসিকা চক্ষুর দাস। কিন্তু বামহস্ত পায়ের দাস।

১৪৮—জ্যোতিষ শাস্ত্র

তম্বুলস্স মজ্ঝে পত্তে কুবেরো রক্খতি সদা,
মূলম্হি রক্খতি যক্খো, অগ্গম্হি কালকণ্ণিকা ;
তানি ভুঞ্জেয্য ছিন্দিত্বা সিরি এবং পবড্ঢতি।

১। পানের মধ্যভাগ সর্ব্বদা কুবের রক্ষা করে,
২। মূল বা বৃন্তভাগ যক্ষ রক্ষা করে,
৩। অগ্রভাগ কালকর্ণি বা অপদেবতা রক্ষা করে, তাই
৫ অগ্রভাগ ছিঁড়িয়া খাইলে শ্রী বর্দ্ধিত হয়।

১৪৯—জ্যোতিষ শাস্ত্র

সম্পুণ্ণরক্খো ব্রহ্মা'ব, অচ্ছুরক্খো চ বিস্সণো,
তস্মা হি তে পূজযন্তু, সদা মানেন্তি তে নরা।

১। ব্রহ্মা শিল্প-বিদ্যা রক্ষা করে।

২। বিশ্বকর্ম্মা লেখনী রক্ষা করে।

সেই কারণে নরগণ তাঁহাদিগকে পূজা করে ও তাঁহাদিগকে কার্য্যারম্ভক্ষণে মান্য করিয়া থাকে।

১৫০

গোণা হি সব্বগিহীনং পোসকা ভোগদায়কা,
তস্মা হি মাতা-পিতু'ব মানেয্য সক্করেয্য চ।

সমস্ত গৃহীদের গরুই প্রধান সম্পত্তি, কারণ তাহারা গৃহস্থকে পালন করে ও সম্পত্তি দান করে, তদ্ধেতু মাতা-পিতার ন্যায় গরুকে সেবা-যত্ন কর।

১৫১

যে চ খাদন্তি গোমংসং মাতুমংসং'ব খাদযে,
মতেস্থ তেস্থ গিজ্ঝানং দদে সোতে চ বাহযে।

যাহারা গোমাংস ভক্ষণ করে, তাহারা মাতৃমাংস ভক্ষণ করে। মৃত গরু গৃধ্রকে দিবে, নতুবা জলস্রোতে ভাসাইয়া দিবে।

১৫২—জ্যোতিষ শাস্ত্র

গুরুসিদ্ধো সিপ্পারম্ভো, রবি সোক্রা চ মজ্ঝিমো,
ন সিপ্পো বুদ্ধচন্দরো, সোরী অঙ্গা চ মরণংখ

১। বৃহস্পতিবারে শিল্পারম্ভ করা উত্তম।

২। রবিবার ও শুক্রবারে শিল্পারম্ভ করা মধ্যম।

৩। বুধবার ও সোমবারে শিল্পারম্ভ করিলে উত্তম ফল হয় না।

৪। শনিবার ও মঙ্গলবারে শিল্পারম্ভ করিলে মৃত্যুভয় নিশ্চিত।

## ১৫৩—জ্যোতিষ শাস্ত্র

অট্ঠমিযং গুরুং হন্তি, সিস্সং হন্তি চতুদ্দসিং,
সিপ্পং হন্তি দসমিযং, মাতা-পিতা চ পুণ্ণমিং।

১। অষ্টমীতে শিল্পারম্ভে গুরুনাশ হয়।
২। চতুর্দ্দশীতে শিল্পারম্ভে শিষ্য নাশ হয়।
৩। দশমীতে শিল্পারম্ভে শিল্পনাশ হয়।
৪। পূর্ণিমাতে শিল্পারম্ভে মাতা-পিতা নাশ হয়।

## ১৫৪—জ্যোতিষ শাস্ত্র

নালিকং সত্ত ন ভুঞ্জে, ন লাবু নবমিং তথা,
দ্বাদসা পিন্নং ত্রিমীনং, ভুঞ্জে সিপ্পং বিনস্সতি।

১। সপ্তমীতে নারিকেল ভোজন করিবে না।
২। নবমীতে অলাবু ভোজন করিবে না।
৩। দ্বাদশীতে পটল ভোজন করিবে না।
৪। তৃতীয়াতে মীন ভোজন করিবে না।
যদি ভোজন করা যায়, শিল্প নষ্ট হয়।

## ১৫৫

একং চজে কুলস্সত্থং, গামস্সত্থং কুলং চজে,
গামং চজে জনপদত্থং, অত্তত্থং পঠবিং চজে।

১। কুলের মঙ্গলের জন্য একজন ত্যাগ করিবে।
২। গ্রামের মঙ্গলের জন্য কুল ত্যাগ করিবে।
৩। রাজ্যের মঙ্গলের জন্য জনপদ ত্যাগ করিবে।
৪। নিজের মঙ্গলের জন্য রাজ্য ত্যাগ করিবে।

১৫৬

দেসং ওঅজ্জ গচ্ছতি সীহো সপ্পুরিসো গজ্জো,
তত্থেব নিধনং যন্তি কাকো কাপুরিসো মিগো।

১। সিংহ, গজ ও সৎপুরুষ কুস্থান ত্যাগ করিয়া যায়।

২। কাক, মৃগ ও কাপুরুষ কুস্থান ত্যাগ না করিয়া নিধন প্রাপ্ত হয়।

১৫৭—চাণক্য শ্লোক

যস্মিং পদেসে ন মানো, ন পেমং ন চ বন্ধবা,
ন চ বিজ্জাগমো কোচি, ন তত্থ বসতিং করে।

১। যে দেশে সম্মানিত ব্যক্তির সম্মান নাই,

২। যে দেশে প্রেমিক ও বান্ধব নাই,

৩। যে দেশে বিদ্যা-শিক্ষার স্থান নাই,

সেই দেশে বাস করিবে না।

১৫৮

চরত্যেকেন পাদেন তিট্‌ঠত্যেকেন পণ্ডিতো,
অনিসম্ম পরং ঠানং ঠানং ন পুব্বমালযং জহে।

পণ্ডিত একপদে চলে ও একপদে অবস্থান করে, অন্যস্থান না দেখিয়া পূর্ব্বস্থান কখনও ত্যাগ করেন না।

১৫৯

ধনধঞ্ঞপযোগেসু তথা বিজ্জাগমেসু চ,
দূতেসু অপচারেসু চজ্জা লজ্জা তদা ভবে।

ধন-ধান্য ব্যবসা কালে, বিদ্যা-শিক্ষা কালে, দূত-কার্য্য কালে ও মৈথুন কালে লজ্জা ত্যাগ করিবে।

১৬০

দ্বি-গুণো থীনমাহারো, বুদ্ধি চাপি চতুগ্গুণো,
ছ-গুণো হোতি বাযামো, কামোত্ব'ট্ঠগুণো ভবে।

১। নারীর আহার পুরুষের দ্বিগুণ।
২। নারীর বুদ্ধি পুরুষের চতুর্গুণ।
৩। নারীর উদ্যোগ পুরুষের ছয়গুণ।
৪। নারীর কামভাব পুরুষের আট গুণ।

১৬১

পব্বে পব্বে কমেনুচ্ছু বিসেসরসবাগ্গাতো,
তথা সুমেত্তিকো সাধু বিপরীতো'ব দুজ্জনো।

যেমন ইক্ষুর পর্ব্বে পর্ব্বে মিষ্ট রস সঞ্চারিত হয়, তেমন সুমিত্র লাভে ক্রমে ক্রমে সুখ-রস বৃদ্ধি হয়। ইহার বিপরীত দুর্জ্জন লাভে হইয়া থাকে।

১৬২

কস্সকো বাণিজো'মচ্চো সমণো সুতসীলবা,
তেসু বিপুলজাতেসু রট্ঠং'পি বিপুলং সিযা।

কৃষক, বণিক, অমাত্য ও পণ্ডিত-শীলবান শ্রমণদের শ্রীবৃদ্ধিতে রাজ্য সুসমৃদ্ধ হইয়া উঠে।

১৬৩—ধম্মপদং

অসজ্ঝাযমলা মন্তা, অনুট্ঠানমলা ঘরা,

মলং বণ্ণস্স কোসজ্জং, পমাদো রক্খতো মলং।

১। অনাবৃত্তি মন্ত্রের ময়লা।

২। অসংস্কার ঘরের ময়লা।

৩। আলস্য দেহের ময়লা।

৪। প্রমাদ রক্ষণের ময়লা।

১৬৪

হীনানং গচ্ছতে বিত্তং বীরানং সত্তকত্তনং,

বদন্তি চ হীনজনা *পুব্বকম্মপ্পধানকা।

হীনবীর্য্য ব্যক্তির ধন বীর্য্যবানের নিকটে চলিয়া যায়, হীনবীর্য্য ব্যক্তি পূর্ব্বকৃত কর্ম্মে শ্রেষ্ঠত্ব লাভ করিলেও, কিন্তু কর্ম্ম-গুণে উদ্যোগী পুরুষ জয়ী হয়।

১৬৫

ন বদন্তি চেবং ধীরা, বাযমিংসু সব্বকম্মে,

ন চে সিজ্ঝতি তং কম্মং,অফলং এব কো দোসো ?

পণ্ডিত একথা বলিবেন না—বিনা চেষ্টায় সফলতা লাভ করা যায়। পণ্ডিতগণ প্রত্যেক বিষয়ে উদ্যোগ প্রদর্শন করিয়া গিয়াছেন, যদি উদ্যোগ করা সত্ত্বেও কার্য্যসিদ্ধি না হয়, সেই অসাফল্যের দরুণ কোন দোষ হইতে পারে কি ?

---

ই। *পুব্বকম্মপট্ঠানকা।

১৬৬

নীচকুলং নিপ্পঞ্ঞং বা নিরূপং নিবলং সমং,
ইমং কালং ছুত্তকালং; ধনমেব বিসেসকন্তি।

অকুলীন ব্যক্তি জ্ঞানহীন, রূপহীন, বলহীন হইলেও যদি ধনবান হয়, সকলে তাহাকে গৌরব করে। কারণ এ জগতে ধন থাকিলেই বিশেষত্ব লাভ করা যায়।

**প্রকীর্ণক-কাণ্ড সমাপ্ত।**

---

পণ্ডিতো সুজনো কণ্ডো দুজ্জনো মিত্তো ইত্থি চ
রাজা পকিণ্ণকো চা’তি সত্তকণ্ডবিভূসিতন্তি।

**লোক-নীতি সমাপ্ত।**

---

Printed at
THE BUDDHIST MISSION PRESS.
158, Upper Phayre Street,
RANGOON.